بِسْمِ ٱللَّٰهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ

অনলাইন সিকিউর ম্যাসেজিং-

Gajim

এর পূর্ণাঙ্গ বাংলা টিউটোরিয়াল **v2023.1**

ডাউনলোড, ইন্সটল ও ব্যবহারপদ্ধতি

সূচীপত্র

ভূমিকা

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

الحمد لله وحده والصلاة والسلام على من لا نبي بعده

আস সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু!
মুহতারাম ভাইগণ,
বর্তমান সময়ে অনলাইন যোগাযোগের ক্ষেত্রে আমাদের অধিক নিরাপত্তা বজায় রাখা জরুরী। সে হিসেবে পরস্পর যোগাযোগে এমন মাধ্যম ব্যবহার জরুরী যা (ইনশাআল্লাহ) ব্যবহারকারীর ব্যক্তিগত তথ্য নিরাপদ রাখে ও পরস্পর আদানপ্রদান করা বার্তাগুলোকে এনক্রিপশনের মাধ্যমে প্রেরণ করে। এক্ষেত্রে সার্বিক বিবেচনায় এপর্যন্ত যে কয়টি প্রোটোকল বেশ চমৎকার— এর মধ্যে XMPP (Jabber) প্রোটোকল অন্যতম।

XMPP কী ও কেন?

XMPP (যার আসল নাম Jabber) হলো, একটি উন্মুক্ত যোগাযোগ প্রোটোকল যা XML এর উপর ভিত্তি করে ইনস্ট্যান্ট মেসেজিং (তাৎক্ষণিক বার্তাপ্রেরণ) এর জন্য ডিজাইন করা হয়েছে। বেশিরভাগ বাণিজ্যিক ইনস্ট্যান্ট মেসেজিং প্রোটোকলের বিপরীতে, XMPP একটি ওপেনসোর্স প্ল্যাটফর্ম।
XMPP নেটওয়ার্কের আর্কিটেকচার অনেকটা ইমেইলের মতই; তবে এর কোনো কেন্দ্রীয় সার্ভার নেই, বরং যেকেউ চাইলে তাদের নিজস্ব XMPP সার্ভার তৈরী করতে পারে। এই ওপেনসোর্স প্রোটোকল ব্যবহারকারীদের ইমেইল ঠিকানার মতো JID (Jabber ID) অ্যাকাউন্ট ব্যবহার করে যেকোনো সার্ভারে অন্যদের সাথে যোগাযোগ তৈরী করতে সুবিধা দেয়। এই প্রোটোকলের মধ্যে আলাদা এড-অন দিয়ে এনক্রিপ্টেড মেসেজ আদানপ্রদান করা যায়।

Gajim কী ও কেন?

XMPP প্রোটোকল ব্যবহার করে ইনস্ট্যান্ট এনক্রিপ্টেড মেসেজিং সার্ভিসের জন্য অনেক সার্ভার ও সফটওয়্যার ক্লায়েন্ট রয়েছে। যেমন: ডেস্কটপ ক্লায়েন্ট, এনড্রয়েড ক্লায়েন্ট, ওয়েব ক্লায়েন্ট ইত্যাদি। Gajim হলো, XMPP এর সবচেয়ে চমৎকার ও জনপ্রিয় ডেস্কটপ ক্লায়েন্ট যা একাধারে লিনাক্স,

উইন্ডোজ ও ম্যাক ওএসের জন্য পাওয়া যায়, সাথে সাথে এটি বেশ ইউজার ফ্রেন্ডলি ও নিরাপদ (ইনশাআল্লাহ)।
এই ফাইলে আমরা এই চমৎকার সফটওয়ারটি ডাউনলোড, ইন্সটল, সেটআপ ও পূর্ণ ব্যবহারবিধি নিয়ে বিস্তারিত আলোচনা করবো ইনশাআল্লাহ।

লিনাক্সে Gajim যেভাবে ব্যবহার করবেন

লিনাক্সে Gajim এর শুধুমাত্র AppImage এডিশন ব্যবহারের অনুমতি রয়েছে। সরাসরি Gajim এর apt বা flatpak প্যাকেজ ইন্সটল ও ব্যবহারের অনুমতি নেই। কারণ এই প্যাকেজগুলো সরাসরি মূল হার্ডডিস্কে ইন্সটল হয় এবং এগুলো ব্যবহার করলে ব্যবহারকারীর সকল লগ ও হিস্ট্রি হার্ডডিস্কে জমা হয়ে যায় যা অনেক বড় রিস্কের কারণ। তাই লিনাক্সে নিম্নে উল্লেখিত পদ্ধতিতে শুধুমাত্র অনুমোদিত Gajim AppImage-ই ব্যবহার করতে হবে।

AppImage; যেভাবে Download করবেন

লিনাক্স ব্যবহারকারীদের জন্য Gajim Appimage ডাউনলোড লিঙ্ক: (Size: 165 MB)
https://archive.org/download/gajim-1.4.0-dev1-x86_64/gajim-1.4.0-dev1-x86_64.AppImage
(Gajim AppImage আপডেট করা হলে আপডেট লিঙ্ক পাঠানো হবে ইনশাআল্লাহ।)

- Tor Browser দিয়ে লিঙ্কে প্রবেশ করলে ফাইলটি ডাউনলোডের জন্য ফোল্ডার সিলেক্ট করতে বলবে। নির্দিষ্ট ফোল্ডারে গিয়ে উপরে Save ক্লিক করুন। ডাউনলোড শুরু হবে ইনশাআল্লাহ।

AppImage; যেভাবে সেটআপ করবেন

AppImage এর সঠিক ব্যবহার

AppImage হলো, লিনাক্স কার্নেল ভিত্তিক অপারেটিং সিস্টেমসমূহের জন্য তৈরী নির্দিষ্ট সফটওয়্যারের পোর্টেবল এডিশন (Portable Edition), যা ব্যবহার করতে সিস্টেমে ইন্সটল করতে হয় না।

এক্ষেত্রে প্রথমে নির্দিষ্ট সফটওয়্যারের AppImage Edition ডাউনলোড করে নিন। এরপর স্টেপ বাই স্টেপ নীচের কাজগুলো ফলো করুন ইনশাআল্লাহ!

1. AppImage-কে Execute Permission দেয়া

AppImage -কে Execute Permission দুইভাবে দেয়া যায়।

১ম পদ্ধতি

ক. নির্দিষ্ট ভেরাক্রিপ্ট (Veracrypt) কন্টেইনারে নতুন একটি ফোল্ডার তৈরী করুন। (এক্ষেত্রে AppImage এর নামে ফোল্ডার তৈরী করাই সুবিধা। যেমন: AppImage যদি Gajim এর হয়ে থাকে, তবে ফোল্ডার নাম GajimAppImage দেয়া যায়)।

এরপর ডাউনলোড করা AppImage ফাইলটি নতুন বানানো ফোল্ডারে নিয়ে যান।

খ. এবার নতুন ফোল্ডারটি (যেমন: GajimAppImage) লিনাক্স Terminal-এ ওপেন করুন। এক্ষেত্রে সহজ পদ্ধতি হলো, File Manager থেকে ভেরাক্রিপ্ট (Veracrypt) কন্টেইনারে নতুন বানানো ফোল্ডারে প্রবেশ করুন।

এবার এই ফোল্ডার থেকে মাউসের রাইট বাটন ক্লিক করলে একটি অপশন লিস্ট আসবে, সে লিস্ট থেকে Open in Terminal বা Open Terminal Here নামের অপশনে ক্লিক করুন।

তাহলেই GajimAppImage ফোল্ডারটি Terminal-এ ওপেন হবে।

গ. এরপর এই কমান্ডটি রান করুন:

```
chmod +x ./file_name
```

যেমন আমাদের বর্তমান AppImage এর পূর্ণ নাম হলো: gajim-1.4.0-dev1-x86_64.AppImage

অতএব আমাদের পূর্ণ কমান্ডটি হবে:

chmod +x ./gajim-1.4.0-dev1-x86_64.AppImage

কোনো Error না আসলে বুঝবেন AppImage- Execute পারমিশন পেয়েছে।

২য় পদ্ধতি

ক. AppImage সিলেক্ট করে মাউসের রাইট বাটনে ক্লিক করুন। অপশন লিস্ট ওপেন হবে। এবার Properties ক্লিক করুন।

খ. এরপর Properties এর Permissions ট্যাবে যান। একদম নীচের দিকে থাকা **Execute** অপশনের Allow executing file as program চেক বক্সে টিক দিয়ে Execute পারমিশন সম্পন্ন করুন।

2. দুটি Additional Folder বানানো

AppImage ফাইলটি পূর্ণরূপে পোর্টেবল হিসেবে কাজের জন্য AppImage এর জন্য বানানো ফোল্ডারে (মূলত AppImage যে ফোল্ডারে আছে, সেই ফোল্ডারে) আরও দুটি নতুন ফোল্ডার বানাতে হবে। ফোল্ডার দুটি হবে নীচের নামে:

file_name.AppImage.home

file_name.AppImage.config

যেমন আমাদের AppImage এর পূর্ণ নাম: gajim-1.4.0-dev1-x86_64.AppImage

সেক্ষেত্রে ফোল্ডার দুটির নাম হবে:

gajim-1.4.0-dev1-x86_64.AppImage.home

gajim-1.4.0-dev1-x86_64.AppImage.config

এই দুটি ফোল্ডার এপ-ইমেইজের সেইম ফোল্ডারে থাকলে AppImage এর সকল ডাটা ও লগ ভেরাক্রিপ্ট কন্টেইনারে এই দুটি ফোল্ডারে জমা হতে থাকবে। অন্যথায় Gajim AppImage এর সকল ডাটা /home/username/.cache or .config -এ জমা হয়ে যাবে যা অনিরাপদ।

3. AppImage রান করা (Run Your AppImage)

AppImage দুই পদ্ধতিতে Run করা যায়।

1. সরাসরি AppImage ফাইলে ডাবল ক্লিক করলেই AppImage চালু হয়ে যাবে। এটিই অধিক সহজ।
2. GajimAppImage ফোল্ডার থেকে (অথবা AppImage যে ফোল্ডারে রাখা আছে সে ফোল্ডারটি) লিনাক্স Terminal-এ ওপেন করুন।

এরপর নীচের কমান্ড দুটির যেকোনো একটি Run করুন:

```
nohup ./YourAppImageName
```

অথবা

```
./YourAppImageName
```

যেমন: আমাদের AppImage নাম: gajim-1.4.0-dev1-x86_64.AppImage

অতএব কমান্ড দুটি হবে:

```
nohup ./gajim-1.4.0-dev1-x86_64.AppImage
```

অথবা

```
./gajim-1.4.0-dev1-x86_64.AppImage
```

ব্যস, AppImage চালু হয়ে যাবে ইনশাআল্লাহ!

Gajim AppImage ব্যবহার পদ্ধতি ও বাকি কাজগুলোর জন্য ফাইলের পরের অংশ ফলো করুন ইনশাআল্লাহ!

Gajim ব্যবহার পদ্ধতি

1. Gajim; নেটওয়ার্ক কনফিগার

ক. GajimAppImage ফোল্ডারে গিয়ে AppImage ফাইলে ডাবল ক্লিক করে ওপেন করুন।

খ. এবার দুটি উইন্ডো ওপেন হবে।

গ. এরপর মূল উইন্ডোর উপরে Gajim অপশনে ক্লিক করলে একটি লিষ্ট ওপেন হবে। লিস্ট থেকে Preferences ক্লিক করুন।

ঘ. এরপর Preference উইন্ডোর সবচেয়ে নীচের Advanced অপশনে যান ও Global proxy লিস্ট থেকে Tor সিলেক্ট করে দিন। যদি আপনার পিসিতে Service Tor[1] ইন্সটল থাকে, তাহলে এখানে আর কিছুই করতে হবে না। এক্ষেত্রে Gajim ব্যবহারের সময় Tor Browser চালু রাখতে হবে না।

1. Service Tor ইন্সটল করতে টারমিনাল ওপেন করে কমান্ড টাইপ করুন- sudo apt install tor
সার্ভিস টর চালু করতে টার্মিনালে কমান্ড রান করুন- tor service start

ঙ. আর যদি সার্ভিস টর ইন্সটল না থাকে ও Tor Browser পোর্ট ব্যবহার করতে হয়, তাহলে Advanced অপশনে গিয়ে Global proxy থেকে Tor সিলেক্ট করে Settings আইকনে ক্লিক করুন।

চ. এবার Port বক্সে 9050 কেটে 9150 লিখে অপশনটি ক্লোজ করে দিন।

আলহামদুলিল্লাহ্! নেটওয়ার্ক কনফিগারেশন সম্পন্ন হয়েছে।

~ Advanced-এ গিয়ে Use System Keyring অপশনটি Off করে দিন।

~ কন্টাক্ট লিস্ট আলাদা আলাদা আইডি ভিত্তিক দেখতে না চাইলে General ট্যাবে গিয়ে Marge Accounts এনাবল করে দিন। আলাদা আলাদা আইডি ভিত্তিক দেখতে চাইলে অফ রাখুন।
তবে General ট্যাবে গিয়ে একদম নীচে Show Location অপশন অবশ্যই অফ করে দিন।

2. Gajim; প্লাগিনস কনফিগার

ক. উপরে Gajim-এ ক্লিক করে লিস্ট থেকে Plugins-এ যেতে হবে।

খ. Plugins থেকে Quick replies, Set Location এবং Url image preview এই তিনটি প্লাগিন অবশ্যই ডিজেবল করে রাখুন। শুধুমাত্র প্রয়োজনীয় Plugins-ই ইন্সটল ও এক্টিভ করুন। প্রয়োজনীয়ের মধ্যে OMEMO, OpenPGP ও PGP প্লাগিন উল্লেখযোগ্য।

3. পুরাতন একাউন্ট লগইন করা

ক. প্রথমে উপরে Accounts-এ ক্লিক করে লিস্ট থেকে Add Account... বা Modify Account... -এ যান। এবার Accounts উইন্ডোর মাঝে Add Account বাটনে ক্লিক করলে নতুন একটি উইন্ডো আসবে। উইন্ডোর প্রথম বক্সে আপনার পুরাতন XMPP একাউন্টটি দিন। দ্বিতীয় বক্সে পাসওয়ার্ড দিন। নীচের Advanced Settings চেক বক্সে টিক দিয়ে দিন। এরপর Log in বাটনে ক্লিক করুন।

Advanced Settings-এ ক্লিক না করলে আইডি Tor নেটওয়ার্ক ছাড়া সরাসরি কানেক্ট হয়ে যাবে। তাই সাবধান! তবে Tails বা Whonix ব্যবহার করলে Tor কানেকশন না করলে সমস্যা নেই ইনশাআল্লাহ। বরং সেক্ষেত্রে Advanced Setting চেক বক্সে টিক না দিলেও হবে।

খ. এরপর Proxy লিস্ট থেকে Tor সিলেক্ট করে নীচে Log In বাটনে ক্লিক করে দিন। চাইলে Hostname বক্সে একাউন্টের সার্ভার এড্রেস ও Port বক্সে 5222 দিয়ে পরে Log In করতে পারেন। সার্ভার এড্রেস যেমন: conversations.im, draugr.de, dismail.de, pimux.de, creep.im, blabber.im, jabb.im, ইত্যাদি। তবে Hostname ও Port না দিলেও কাজ হবে ইনশাআল্লাহ।

গ. AppImage ব্যবহারের সময় কিছু কিছু সার্ভারের ক্ষেত্রে Certificate Verification Failed দেখাবে। ভয়ের কোনো কারণ নেই, আপনি Log In ক্লিক করে দিন।

ঘ. নীচের মতো উইন্ডো আসলে আলহামদুলিল্লাহ্ বলুন। একাউন্ট Gajim-এ সফলভাবে Add হয়েছে।

এবার Connect-এ ক্লিক করে কিছুক্ষণ অপেক্ষা করুন। কানেক্ট হয়ে যাবে ইনশাআল্লাহ।

4. নতুন একাউন্ট বানানো

ক. প্রথমে উপরে Accounts-এ ক্লিক করে লিস্ট থেকে Add Account... বা Modify Account... -এ যান। এবার Accounts উইন্ডোর মাঝে Add Account বাটনে ক্লিক করলে নতুন একটি উইন্ডো আসবে। উইন্ডোর নীচে Sign Up ক্লিক করুন।

খ. এবার বক্সে পছন্দের সার্ভার লিখুন বা লিষ্ট আইকনে ক্লিক করে পছন্দের সার্ভার সিলেক্ট করে দিন। নীচে Advanced Settings চেক বক্সে টিক দিয়ে দিয়ে Sign Up ক্লিক করুন।

Advanced Settings-এ ক্লিক না করলে আইডি Tor নেটওয়ার্ক ছাড়া সরাসরি কানেক্ট হয়ে যাবে। তাই সাবধান! তবে Tails বা Whonix ব্যবহার করলে Tor কানেকশন না করলে সমস্যা নেই ইনশাআল্লাহ। বরং সেক্ষেত্রে Advanced Setting চেক বক্সে টিক না দিলেও হবে।

গ. এবার Proxy লিস্ট থেকে Tor সিলেক্ট করে দিয়ে নীচে Sign Up বাটনে ক্লিক করে দিন। চাইলে Hostname বক্সে একাউন্টের সার্ভার এড্রেস ও Port বক্সে 5222 দিয়ে পরে Sign Up ক্লিক করতে পারেন।

সার্ভার এড্রেস যেমন: conversations.im, draugr.de, dismail.de, pimux.de, creep.im, blabber.im, jabb.im, ইত্যাদি। তবে Hostname ও Port না দিলেও কাজ হবে ইনশাআল্লাহ।

এরপর কিছুক্ষণ অপেক্ষা করুন। Connecting দেখাবে।

ঘ. এবার User ঘরে একটি ইউনিক User Name দিন। নীচে একটি মজবুত পাসওয়ার্ড দিন ও একদম নীচের ঘরে উপরের অস্পষ্ট ভেরিফিকেশন কোডটি দিয়ে Sign Up ক্লিক করে কিছুক্ষণ অপেক্ষা করুন।

ঙ. কিছু কিছু সার্ভারের ক্ষেত্রে Certificate Verification Failed দেখাবে। ভয়ের কোনো কারণ নেই, আপনি Sign Up ক্লিক করে দিন।

চ. নীচের মতো উইন্ডো আসলে আলহামদুলিল্লাহ্ বলুন। একাউন্ট তৈরী সফলভাবে সম্পন্ন হয়েছে।
এবার Connect ক্লিক করুন।

আলহামদুলিল্লাহ্! একাউন্ট সফলভাবে কানেক্ট সম্পন্ন হয়েছে!

5. আইডি কানেক্ট করার আগে কিছু অবশ্য পরিবর্তনীয় সেটিংস

ক. প্রতিটি একাউন্ট তৈরী করা বা এড করার পর প্রথমেই একাউন্ট উইন্ডোতে যেতে হবে। একাউন্ট উইন্ডোতে যেতে উপরের Accounts থেকে Modify Account...-এ ক্লিক করুন। এরপর Accounts লিষ্ট থেকে নির্দিষ্ট একাউন্টে ক্লিক করে একাউন্ট পেইজে প্রবেশ করুন।

খ. এবার General ট্যাবে থাকা Save conversations for all contacts অপশনটি অফ করতে হবে ও Use file transfer proxies অপশন চালু করে দিতে হবে।

ঘ. এরপর Privacy ট্যাবে গিয়ে Local System Time এবং Client/Operating System অপশন দুটি অফ করে দিতে হবে। একদম নীচে থাকা Keep Chat History অপশনে Forever-কে 1 Day করে দিতে হবে। এটি না করলে সকল চ্যাট হিস্টোরি AppImage ফোল্ডারে থেকে যাবে, যা নিরাপত্তার জন্য হুমকির কারণ।

6. XMPP সার্ভারে চ্যাটলগ আর্কাইভিং বন্ধ করা

আমরা যে XMPP সার্ভারগুলো ব্যবহার করি এগুলোর মধ্যে কিছু সার্ভার আমাদের মেসেজগুলো জমা করে রাখে। যাতে ব্যবহারকারীরা প্রয়োজন হলে মেসেজগুলো পেতে পারে অথবা ভিন্নকোনো XMPP ক্লায়েন্টে (যেমন: Conversations) তা সিঙ্ক করতে পারে।

ফলে আপনার কোনো ক্লায়েন্ট (যেমন: Gajim) থেকে মেসেজ হিস্ট্রি ডিলিট করে দিলেও তা সার্ভারে থেকে যায়। যেমন: আপনি Gajim ক্লায়েন্টে চ্যাট হিস্ট্রি ডিলিট করেও ওয়েব ক্লায়েন্ট (https://conversejs.org/fullscreen.html)-এ লগইন করলে সার্ভারে জমা থাকা মেসেজগুলো দেখতে পাবেন। কিন্তু নিরাপত্তার দিক বিবেচনায় মেসেজগুলো দীর্ঘদিন সার্ভারে জমা রাখা উচিৎ নয়। XMPP সার্ভারগুলো যেন আমাদের মেসেজগুলো জমা না রাখে সেজন্য Gajim-এ আমাদের নীচের কাজগুলো করতে হবে।

1. Accounts-এ ক্লিক করলে গাজিমে এড থাকা সকল আইডির লিস্ট সামনে আসবে, যদি একাধিক আইডি লগইন করা থাকে।
2. লিস্ট থেকে নির্দিষ্ট আইডিতে ক্লিক করুন। আরেকটি লিস্ট আসবে।
3. লিস্ট থেকে Advanced ক্লিক করুন। আরেকটি লিষ্ট ওপেন হবে।
4. লিষ্ট থেকে Archiving Preferences ক্লিক করুন।

খ. এবার উপরের দিকে Default অপশনে Never সেট করে নীচে Save ক্লিক করে দিন। ইনশাআল্লাহ, এখন থেকে এই একাউন্টের কোনো ডাটা সার্ভারে জমা হবে না।

এভাবে যতগুলো আইডি Gajim-এ এড করবেন, প্রতিটি আইডির জন্য আলাদাভাবে Archiving Preferences-কে Never করে দিতে হবে।

7. কাউকে এড পাঠানো ও এড এক্সেপ্ট করা

ক. কোনো সাথীর একাউন্ট Add করতে চাইলে Accounts-এ ক্লিক করে যে একাউন্টে তাকে Add করতে চাচ্ছেন, লিষ্ট থেকে সে একাউন্ট বরাবর কার্সর নিলে আরেকটি লিস্ট আসবে। সেখান থেকে Add Contact... ক্লিক করুন।

খ. এরপর সাথীর যে একাউন্ট Add করতে চাচ্ছেন, XMPP Address এর জায়গায় সে একাউন্ট এড্রেসটি দিয়ে নীচ থেকে Add বাটনে ক্লিক করে দিন। এতে সে একাউন্টে এড যাবে ইনশাআল্লাহ্!

গ. নিজের একাউন্টে কোনো এড আসলে তা বুঝা ও এক্সেপ্ট করার উপায় হচ্ছে, প্রথমেই নীচে/উপরে টাস্কবারে একটি নোটিফিকেশন আসবে। এরপর কন্টাক্ট লিস্টে নতুন একটি একাউন্ট দেখা যাবে, যার আইকন চিঠির খামের ন্যায়। সে একাউন্টে ক্লিক করুন।

ঘ. এবার Accept ক্লিক করুন।

ঙ. এরপর Add ক্লিক করুন।

আলহামদুলিল্লাহ্, আপনি সফলতার সাথে এড এক্সেপ্ট করতে সক্ষম হয়েছেন।

৪. OMEMO চালু ও ভেরিফাই করা

ক. OMEMO Enable করতে উপরে Gajim-এ ক্লিক করে নীচের Plugins-এ যান। এবার OMEMO আনএক্টিভ থাকলে টিক দিয়ে এক্টিভ করে দিন। এরপর একটি চ্যাট উইন্ডো খুলুন।

খ. অতপর চ্যাট উইন্ডোতে গিয়ে নীচের Encryption বাটনে ক্লিক করে OMEMO সিলেক্ট করে দিন।

গ. OMEMO Verified করতে এবার Verified বাটনে ক্লিক করুন। এরপর Own Fingerprint ক্লিক করলে আপনার একাউন্টের Fingerprint Code দেখাবে। আপনি দুই লাইনের ফিঙ্গার প্রিন্ট কোডগুলো ডাবল ক্লিক করে কপি করে নিন। এরপর নিরাপদ কোনো মাধ্যম, যেমন: PT যোগে কোডগুলো আপনার সাথীর নিকট পাঠিয়ে দিন। এভাবে সে সাথীর OMEMO ফিঙ্গার প্রিন্ট কোডগুলোও নিয়ে নিন।

চ. আপনার সাথীর কোডগুলো নিয়ে পুনরায় Verify অপশনে যান। সেখানে থাকা কোডগুলোর মধ্যে সাথীর কোডটি বাছাই করে Verified করে নিন।

<u>এক্ষেত্রে সংক্ষিপ্ত পদ্ধতি হচ্ছে: কাউকে এড করলে বা কারও থেকে এড পেলে সাথে সাথেই তাকে Verify করে ফেলা।</u>

OMEMO ফিঙ্গার সমস্যা ও সমাধান

সমস্যা: সাধারণত Gajim এর ফোল্ডার চেঞ্জ, ডিভাইস (পিসি বা ওএস) চেঞ্জ অথবা একটি আইডি একাধিক জায়গায় লগইন ইত্যাদির কারণে অনেক সময় মেসেজিং সমস্যা করে। মেসেজিং করতে গেলে This message was encrypted with OMEMO, but not for your device. মেসেজটি দেখায়। এটি কেন হয় ও এর সমাধান কী?

কেন এমন হয়?

এমন সমস্যা হয় মূলত আপনার একাউন্টে একাধিক OMEMO ফিঙ্গারপ্রিন্ট কী (Key) প্রমাণিত হওয়ার কারণে।

মূলকথা হলো: আপনি যদি ডিভাইস (PC হোক বা Android) চেঞ্জ করেন বা অপারেটিং সিস্টেম (এক Windows থেকে ভিন্ন Windows-এ যান বা Linux-এ শিফট হোন, বা এক লিনাক্স ডিস্ট্রো থেকে আরেক ডিস্ট্রোতে যান) চেঞ্জ করেন, কিংবা একই ডিভাইসে থেকে ফোল্ডার চেঞ্জ করেন, তবে প্রত্যেকটির জন্য আলাদা আলাদা ফিঙ্গারপ্রিন্ট তৈরী হবে। এমনিভাবে আপনি যদি Jabber Client চেঞ্জ করেন, যেমন: Gajim থেকে Psi+ বা Pidgin-এ গেলেন, অথবা পুরাতন Gajim ছেড়ে নতুন করে Gajim ইন্সটল করেন, তবে প্রতিবার ও প্রতিটির জন্য আলাদা আলাদা ফিঙ্গারপ্রিন্ট তৈরী হবে। একাধিক ফিঙ্গারপ্রিন্ট তৈরী হওয়ায় অনেক সময় মেসেজ আদান-প্রদানে সমস্যা দেখা দেয়। ফলে তখন মেসেজিং করতে গেলে This message was encrypted with OMEMO, but not for your device. মেসেজটি দেখায়। এর মানে হচ্ছে, যে মেসেজটি আপনাকে পাঠানো হয়েছে তা পূর্বের ডিভাইসের OMEMO Key দিয়ে এনক্রিপ্ট হয়ে এসেছে, এই ডিভাইসের OMEMO Key দিয়ে এনক্রিপ্টেড নয়। তাই এই ডিভাইসে এটি পড়া সম্ভব না।

সমাধান: যার সাথে মেসেজিংয়ে এই সমস্যা হচ্ছে, তার চ্যাট উইন্ডোতে যান এবং 1 টেনে দেখানো ভেরিফাই বাটনে ক্লিক করুন। ঐপাশের আইডির সকল ফিঙ্গারপ্রিন্ট দেখাবে। আপনি সবগুলো ফিঙ্গারপ্রিন্ট এক এক করে 2 ও 3 টেনে দেখানো নিয়মানুযায়ী ডিলিট করে দিন।

- সব ডিলিট সম্পন্ন হলে একাউন্টটি রিস্টার্ট দিন। অর্থাৎ অফ করে আবার অন করুন বা গাজিম বন্ধ করে আবার চালু করুন। এবার মেসেজ করার চেষ্টা করুন, করতে পারবেন ইনশাআল্লাহ। প্রয়োজনে ঐপাশের ভাইকেও সকল ফিঙ্গারপ্রিন্ট কী (Key) ডিলিট করতে বলুন।

জরুরী জ্ঞাতব্য:

অনেক সময় এমন অবস্থা হয় যে, Gajim চালু অবস্থায় নেট কানেকশন চলে যায় ও Gajim ডিসকানেক্ট হয়ে যায়। পরবর্তীতে নেট এসে Gajim কানেক্ট হলে ডিসকানেক্ট অবস্থায় চলমান মেসেজগুলো আর আসে না। এক্ষেত্রে করণীয় হলো, নেট চলে গেলে Gajim বন্ধ করে দিন, আবার নেট আসলে Gajim চালু করা। তাহলে মাঝের মেসেজগুলো আসবে ইনশাআল্লাহ।

9. Gajim-এ OpenPGP ব্যবহার

Gajim-এ আমরা সাধারণত তিনটি এনক্রিপশন সিস্টেম দেখতে পাই।

1. **OMEMO**- যা সাধারণত আমরা সকলে ব্যবহার করে থাকি এবং এর ব্যবহারও অনেক সহজ।
2. **PGP**- এই এনক্রিপশন সিস্টেম বেশ এডভান্সড লেভেলের। সকলের জন্য বুঝা সহজ হয় না। তাই এবিষয়টি পরবর্তী কোনো ফাইলে দেখানোর চেষ্টা করবো ইনশাআল্লাহ।
3. **OpenPGP**- আজকে আমাদের আলোচ্য বিষয় এই আধুনিক এনক্রিপশন সিস্টেম নিয়ে।

OpenPGP সিস্টেমটি মূলত PGP এর আধুনিক রূপ। অনেকক্ষেত্রে OMEMO এর বিকল্প হিসেবে একে আমরা ব্যবহার করতে পারি। সকল প্ল্যাটফর্মে (বিশেষত Android-এ) এই এনক্রিপশন সার্ভিসটি না থাকা ও কিছু প্ল্যাটফর্মে (বিশেষত উইন্ডোজে) এর ব্যবহার সহজ না হওয়ায় আমরা সকলের জন্য OpenPGP সাজেস্ট না করলেও যাদের পক্ষে সম্ভব তাদের জন্য আমরা এর ব্যবহারকে পছন্দনীয় মনে করি।
উল্লেখ্য যে, Android এর Conversations-এ OMEMO এর পাশাপাশি OpenPGP নামে একটি এনক্রিপশন অপশন রয়েছে। এই অপশনটি আমাদের আলোচিত OpenPGP নয়। বরং তা হলো Gajim-এ থাকা PGP এর Android ভার্সন।

বি. দ্র. Conversations এর OpenPGP ব্যবহার করে Gajim এর PGP-তে মেসেজ দিতে পারবেন। যেহেতু এই দুটো একই সিস্টেম। কিন্তু Gajim এর OpenPGP ভিন্ন হওয়ায় এটাতে মেসেজ দেয়া সম্ভব নয়।

জ্ঞাতব্য: OpenPGP এনক্রিপশন ব্যবহারের ক্ষেত্রে অবশ্যই আপনাকে একজন লিনাক্স ব্যবহারকারী হতে হবে। বর্তমান উইন্ডোজ ভার্সনে বাগ থাকায় উইন্ডোজে আপাতত এটি ব্যবহার সম্ভব নয়।

ব্যবহার পদ্ধতি

১। উপরের কাজগুলো করা থাকলে Gajim এর Plugins-এ যান। সেখানে OpenPGP অপশন টিক দেয়া না থাকলে টিক দিয়ে এনাবল করে দিন।

- এরপর Gajim রিস্টার্ট দিন।

২। এবার যে আইডির সাথে OpenPGP ব্যবহার করে চ্যাট করতে চাচ্ছেন, সে আইডির চ্যাট বক্সে যান। Encryption বাটনে ক্লিক করে OpenPGP সিলেক্ট করুন।

৩। এবার নীচের স্ক্রিন আসলে Next ক্লিক করুন। Next এরপর আবারো Next আসলে Next করে OpenPGP সেটআপ করে নিন।

৪। সেটআপ সঠিকভাবে সম্পন্ন (Setup successful) হলে উইন্ডো Close করে দিন।

৫। এবার চ্যাট বক্সে এসে দেখুন, Encryption হিসেবে **OpenPGP** সিলেক্ট হয়েছে। এবার মেসেজ দেয়ার চেষ্টা করুন।

– আলহামদুলিল্লাহ। উভয় পাশের আইডিতে উপরোক্ত নিয়মে OpenPGP সেটআপ থাকায় আমরা খুব সহজে OpenPGP দিয়ে মেসেজ পাঠাতে পারলাম।

বি. দ্র. উল্লেখ্য যে, OpenPGP-তে মেসেজ আদানপ্রদানের জন্য উভয়দিকের আইডিতেই উপরোক্ত নিয়মে OpenPGP সেটআপ করে নিতে হবে। অন্যথায় মেসেজ আদানপ্রদান সম্ভবপর হবে না।

৭। কেউ একটি আইডিতে একাধিক ডিভাইস থেকে একাধিকবার OpenPGP সেটআপ করলে একাধিক Key তৈরী হবার দরুণ মেসেজিং সমস্যা করতে পারে। সেক্ষেত্রে Encryption বাটনের পাশের বাটনে ক্লিক করুন।

৮। এবার লিস্ট থেকে নির্দিষ্ট Key রেখে বাকিগুলো ডিলিট করে দিন ও কাঙ্খিত Key, Verify করে দিন। প্রয়োজনে Gajim একবার রিস্টার্ট দিন।

এখন থেকে OpenPGP এনক্রিপশন ব্যবহার করে মেসেজিং করতে সক্ষম হবেন ইনশাআল্লাহ।

তবে যারা Whonix Workstation ভেরাক্রিপ্ট কন্টেইনারে রেখে এর মধ্যে Gajim AppImage এর পরিবর্তে সরাসরি Gajim ইন্সটল দিয়ে ব্যবহার করেন, তারা Gajim এর সাথে বায় ডিফল্ট OpenPGP প্লাগিন পাবেন না।

এক্ষেত্রে প্রথমে OpenPGP প্লাগিন ইন্সটল করে নিতে হবে। এজন্য Workstation এর টার্মিনাল ওপেন করুন অথবা Ctrl+Alt+T চাপুন। এরপর নীচের কমান্ডটি রান করুন।

```
sudo apt install gajim-openpgp -y
```

এরপর Gajim রিস্টার্ট দিন ও উপরোক্ত নিয়মে OpenPGP সেটআপ করে নিন।

ভিন্ন কোনো ইস্যু দেখা দিলে নিজ থেকে কিছুটা অনুসন্ধান করুন, সমাধান পেয়ে যাবেন ইনশাআল্লাহ।

10. গ্রুপ চ্যাট তৈরী করা

ক. উপরে Gajim অপশনে ক্লিক করে লিস্ট থেকে Create Group Chat... অপশনে ক্লিক করুন।

খ. এবার Account থেকে যে একাউন্ট দিয়ে গ্রুপ চ্যাট তৈরী করতে চাচ্ছেন, সেটা সিলেক্ট করে দিন। এরপর Name অপশনে চাইলে গ্রুপ নাম দিতে পারেন। এটা অপশনাল।
এরপর গ্রুপটি পাবলিক করতে চাইলে নীচের Public বাটনটি এনাবল করে দিন। তবে আমাদের কোনো চ্যাট রুম পাবলিক না হলেই নিরাপদ। গ্রুপ Private বানাতে চাইলে ডিফল্ট রেখে দিন।

এরপর Address বক্সের PlaceHolder (ঝাপসা লেখা এড্রেস) এ থাকা এড্রেসটির ন্যায় একটি এড্রেস তৈরী করুন। অর্থাৎ Address বক্সে পছন্দসই একটি নাম দিয়ে এমনভাবে একটি এড্রেস তৈরী করুন যে, সেই নামটির শেষে @ এর পরের লিখাগুলো অটোমেটিক যে লিখা আসে, সেটি থাকে। সাধারণত:
@muc.creep.im
@conference.jabber.org
এরকম সার্ভার নেইম থাকে। তাই আপনি jabber.org-এ test_gchat নামে একটি গ্রুপ চ্যাটরুম ওপেন করতে চাইলে নাম দিতে হবে: test_gchat@conference.jabber.org

উপরোক্ত নিয়মে ফরম পূরণ সম্পন্ন হলে নীচের Create বাটনে ক্লিক করুন।

গ. এবার কিছুক্ষণ অপেক্ষা করুন।

ঘ. Group Chat বানানো সম্পন্ন হলে নীচের মতো একটি উইন্ডো আসবে।

ঙ. গ্রুপে কাউকে এড করার জন্য নীচের + আইকনে ক্লিক করুন।

চ. গ্রুপে এড করার মতো নির্দিষ্ট একাউন্ট বা একাউন্টগুলো Search Bar থেকে সার্চ করে করে সিলেক্ট করে নিন। সাবধান! ভুলে যেন ভিন্ন আইডিতে এড থাকা কাউকে গ্রুপে এড না করা হয়। সিলেক্ট করা একাউন্টগুলো পাশের Invitees বক্সে চলে যাবে।

ছ. এবার নীচের Invite বাটনে ক্লিক করে দিন। ব্যস, কাজ শেষ। সিলেক্ট করা একাউন্টগুলোতে Invite চলে গেছে।

এখন থেকে খুব সহজেই (ইনশাআল্লাহ) নিরাপদভাবে OMEMO Encryption এর মাধ্যমে গ্রুপ চ্যাট করতে সক্ষম হবেন। মহান রব্বে কারীমই একমাত্র তাওফীকদাতা।

বি. দ্র. গ্রুপ চ্যাটে OMEMO Encryption এর মাধ্যমে চ্যাট করার জন্য লক্ষনীয় বিষয় হলো- *সে গ্রুপে যতগুলো আইডি এড আছে সবগুলোতে OMEMO চালু থাকা। এবং প্রত্যেকে একে অপরের OMEMO Fingerprint ট্রাস্ট করা।* অন্যথায় OMEMO Encryption এর মাধ্যমে গ্রুপ চ্যাট সমস্যা করতে পারে।

#গ্রুপ চ্যাটের আরও কিছু জরুরী সেটিংস

10.1 - গ্রুপ চ্যাটের মেসেজগুলো নির্দিষ্ট সময় পর্যন্ত রুমে স্টোর রাখা

ক. প্রথমে নির্ধারিত গ্রুপ চ্যাটের Settings-এ যেতে হবে। Settings-এ যেতে পাশের স্ক্রিনশটটি ফলো করুন।

খ. এবার একদম নীচে থাকা Sync Threshold থেকে কাঙ্খিত সময় সিলেক্ট করে দিন।

10.2- গ্রুপ চ্যাটে পাসওয়ার্ড সেটআপ, শুধু মেম্বারদের প্রবেশের অনুমতি।

ক. গ্রুপ চ্যাটে Options Icon-এ ক্লিক করে Manage Group Chat ক্লিক করুন।

খ. এরপর Configure...-এ যেতে হবে।

গ. এবার Configuration ট্যাব থেকে নীচের কাজগুলো করুন। যথা:

১. **Persistent** – On (চেক বক্সে টিক দিয়ে দিন, এতে মোডারেটর / এডমিন রুমে না থাকলেও সাধারণ সদস্যরা রুমে প্রবেশ করতে পারবে)

২. **Password** – গ্রুপকে পাসওয়ার্ড প্রটেক্ট করতে Password বক্সে মজবুত একটি পাসওয়ার্ড দিন।

৩. **Only allow members to join**– অপশনে টিক দিয়ে দিন, এতে শুধু আমন্ত্রণকৃত মেম্বার ছাড়া কেউ রুমে প্রবেশ করতে পারবে না।

বি.দ্র. **গ** অনুচ্ছেদ (Group Chat Configuration ট্যাব) এর অপশনগুলো সার্ভার ভিন্নতার কারণে ভিন্নরকম হতে পারে। এই ফাইলে আমরা দেখিয়েছি jabb3r.org সার্ভারে তৈরী গ্রুপ চ্যাট দিয়ে। আপনার সার্ভার ভিন্ন হলে Configuration Settings-এ কিছুটা ভিন্নতা পেতে পারেন। সেক্ষেত্রে একটু খেয়াল করে বুঝে Configuration সেট করার অনুরোধ রইলো।

৪. **Max number of history messages returned by room:** 100 সেট করে দিন। কেউ রুমে প্রবেশ করলে পূর্বের সর্বোচ্চ কতগুলো মেসেজ দেখতে পারবে তা এই অপশনের মাধ্যমে সেট করা হয়। এটি দরকার মতো বাড়ানো-কমানো যায়।

৫. **Default number of history messages returned by room:** 50 সেট করে দিন। কেউ রুমে প্রবেশ করলে স্বাভাবিকভাবে পূর্বের কতগুলো মেসেজ দেখতে পারবে তা এই অপশনের মাধ্যমে সেট করা হয়। এটি দরকার মতো বাড়ানো-কমানো যায়।

- কাজগুলো সম্পন্ন করে নীচ থেকে Apply করে দিন।

10.3 - গ্রুপ চ্যাট ডিলিট করা

ক. নির্দিষ্ট গ্রুপে গিয়ে Manage Group Chat অপশনে গিয়ে নীচের থেকে Destroy... ক্লিক করুন।

খ. এরপর নীচের Destroy বাটনে ক্লিক করে গ্রুপ চ্যাটকে Destroy (ডিলিট) করে নিন।

11. History ক্লিন করা

প্রতিবার Gajim বন্ধ করার আগে একবার History Manager চেক করে নেয়া উত্তম। যদি কোনো মেসেজ History Manager-এ থাকে, তাহলে সেগুলো ডিলিট করে দিন।

আর তা যেভাবে করতে হবে:

ক. উপরে Gajim-এ ক্লিক করে History Manager অপশনে যেতে হবে।

খ. এবার XMPP Address বক্সে কার্সর নিয়ে ক্লিক করুন। এরপর Ctrl+a প্রেস করে অল সিলেক্ট করে নিন।

গ. অল সিলেক্ট হয়ে গেলে মাউসের রাইট বাটনে ক্লিক করে Delete-এ ক্লিক করুন।

ঘ. এবার Delete করে দিন।

ঙ. এবার Database Cleanup করে দিন।

12. Gajim থেকে একাউন্ট রিমুভ করা

ক. Gajim-এ লগইন করা একাউন্ট রিমুভ করতে চাইলে উপরে Accounts থেকে Modify Accounts... ক্লিক করুন।

খ. এবার নির্ধারিত একাউন্টে ক্লিক করুন।

গ. এরপর Remove ক্লিক করুন।

ঘ. এবার যদি একাউন্ট শুধু গাজিম থেকে রিমুভ করতে চান, তাইলে লাল Remove বাটনে ক্লিক করে দিন, Remove হয়ে যাবে। আর যদি একেবারে সার্ভার থেকেই ডিলিট করতে চান, তাহলে Unregister account from service-এ টিক দিয়ে লাল Remove বাটনে ক্লিক করুন।

আলহামদুলিল্লাহ্‌, আপনি খুব সহজেই সফলতার সাথে একাউন্টটি **Gajim** থেকে রিমুভ করতে সক্ষম হয়েছেন।

উইন্ডোজে Gajim যেভাবে ব্যবহার করবেন

যেভাবে Download করবেন

১. Gajim Portable সফটওয়ারটি অবশ্যই Gajim এর অফিসিয়াল সাইট থেকে ডাউনলোড করতে হবে। অফিসিয়াল সাইট লিংক: https://gajim.org/

প্রথমে Gajim এর অফিসিয়াল লিংকে যেতে হবে। এরপর Download পেইজে যাওয়ার জন্য উপরের DOWNLOAD-এ ক্লিক করুন।

২. এবার Download Gajim Portable বাটনে ক্লিক করুন। Gajim Portable (64 Bit) ডাউনলোড শুরু হবে।

৩. যে ফোল্ডারে ফাইলটি সেইভ করতে চান সে ফোল্ডারে গিয়ে এবার Save-এ ক্লিক করুন।

যেভাবে Install করবেন

১. ডাউনলোড করা Gajim Portable ফাইলটিতে ডাবল ক্লিক করে ওপেন করুন। এরপর OK ক্লিক করুন।

২. এবার Next> ক্লিক করুন।

৩. এরপর I Agree ক্লিক করুন।

৪. এবার আবারো Next> ক্লিক করুন।

৫. এবার Browse ক্লিক করে নির্ধারিত Veracrypt Folder বা যে Folder-এ ইন্সটল করতে চান তা দেখিয়ে দিন।

৬. এবার Veracrypt Folder বা অন্য যে ফোল্ডারে ইন্সটল করতে চান তা সিলেক্ট করার পর OK বাটনে Press করুন। এক্ষেত্রে নিরাপত্তার উসূল অনুযায়ী নির্দিষ্ট একটি মেমোরী ব্যবহার করুন। কোনো হার্ডড্রাইভ বা পেনড্রাইভে প্রয়োজনীয় ফাইল রাখা থেকে বিরত থাকুন।

৭. নির্ধারিত Folder সিলেক্ট হলে নীচে Install ক্লিক করুন।

৮. Install হতে থাকবে ইনশাআল্লাহ!

৯. Gajim Setup সম্পন্ন হলে নীচে Finish ক্লিক করুন।

১০. সেটআপ সম্পন্ন হলে একটি ফোল্ডার হয়ে তা সামনে আসবে।

আলহামদুলিল্লাহ! খুব সহজেই আপনি Gajim Portable ইন্সটল করা সম্পন্ন করেছেন।

Gajim ব্যবহার পদ্ধতি

1. Gajim; নেটওয়ার্ক কনফিগার

ক. Gajim Folder-এ গিয়ে নীচের দিকের দ্বিতীয় ফাইল Gajim-Portable-এ ডাবল ক্লিক করে ওপেন করুন।

খ. এবার দুটি উইন্ডো ওপেন হবে।

গ. এরপর মূল উইন্ডোর উপরে Gajim অপশনে ক্লিক করলে একটি লিষ্ট ওপেন হবে। সেখান থেকে Preferences ক্লিক করুন।

ঘ. এরপর Preference উইন্ডোর সবচেয়ে নীচের Advanced অপশনে গিয়ে Global proxy থেকে Tor সিলেক্ট করুন। এরপর Settings আইকনে ক্লিক করুন।

ঙ. এবার Port বক্সে 9050 কেটে 9150 লিখে উইন্ডোটি ক্লোজ করে দিন।

আলহামদুলিল্লাহ্! নেটওয়ার্ক কনফিগারেশন সম্পন্ন হয়েছে।

~ আবারো Advanced-এ গিয়ে Use System Keyring অপশনটি Off করে দিন।

2. Gajim; প্লাগিনস কনফিগারেশন

ক. উপর থেকে Gajim-এ ক্লিক করে নীচের Plugins-এ যেতে হবে।

খ. Plugins থেকে Quick replies, Set Location ও Url image preview এই তিনটি প্লাগিন অবশ্যই ডিজেবল রাখুন যদি ইন্সটল করা থাকে। ইন্সটল করা না থাকলে Download ও Install করা থেকে বিরত থাকুন। শুধুমাত্র প্রয়োজনীয় Plugins-ই Download, Install & Active করুন। প্রয়োজনীয়ের মধ্যে OMEMO, OpenPGP ও PGP প্লাগিন উল্লেখযোগ্য।

3. পুরাতন একাউন্ট লগইন করা

ক. প্রথম বক্সে আপনার XMPP একাউন্ট সার্ভার সহ টাইপ করে দিন। দ্বিতীয় বক্সে পাসওয়ার্ড দিন। নীচের Advanced Settings এর চেক বক্সে টিক দিয়ে দিন। Advanced Settings-এ ক্লিক না করলে আইডি Tor কানেক্ট ছাড়া সরাসরি কানেক্ট হয়ে যাবে। তাই সাবধান! এরপর Log in বাটনে ক্লিক করুন।

খ. এরপর Proxy থেকে Tor সিলেক্ট করে চাইলে নীচে Hostname বক্সে আপনার XMPP একাউন্টের Server address দিয়ে দিন। সার্ভার এড্রেস যেমন: conversations.im, draugr.de, dismail.de, pimux.de, creep.im, blabber.im, jabb.im, ইত্যাদি। এরপর Port বক্সে 5222 লিখে নীচে Log in ক্লিক করুন। বর্তমানে Hostname ও Port বক্সের কাজগুলো জরুরী নয়।

সাবধান, কেউ যদি একাউন্ট Add করার সময়ে Tor Proxy এর Port (9050 থেকে 9150 করা) চেঞ্জ করে থাকেন, তবে অবশ্যই Port চেঞ্জ করে আসার পর পুণরায় Proxy List থেকে Tor সিলেক্ট করে দিন। অন্যথায় অটোমেটিক প্রক্সি চেঞ্জ হয়ে ডাইরেক্ট নেটওয়ার্কে কানেক্ট হয়ে যাবে। তাই Port চেঞ্জ করার পর অবশ্যই Proxy হিসেবে আবারো Tor সিলেক্ট করে দিন ইনশাআল্লাহ!

গ. নীচের মতো উইন্ডো আসলে আলহামদুলিল্লাহ্ বলুন। একাউন্ট Gajim-এ সফলভাবে Add হয়েছে। এবার চাইলে বক্সে একাউন্টের একটি নাম লিখে দিন, অথবা সরাসরি Connect ক্লিক করে কিছুক্ষণ অপেক্ষা করুন।

আলহামদুলিল্লাহ্, আপনি সফলভাবে একাউন্ট কানেক্ট করতে সক্ষম হয়েছেন।

4. নতুন একাউন্ট বানানো

ক. নতুন একাউন্ট তৈরী করতে Accounts-এ ক্লিক করে নীচের Modify Account...-এ যান।

খ. Add Account ক্লিক করুন।

গ. এবার নীচে Sign Up ক্লিক করুন।

ঘ. এবার লিষ্ট আইকনে ক্লিক করে পছন্দের সার্ভার সিলেক্ট করুন এবং নীচে Advanced Settings চেক বক্সে টিক দিয়ে দিন। Advanced Settings-এ টিক না দিলে আইডি Tor কানেক্ট ছাড়া সরাসরি কানেক্ট হয়ে যাবে। তাই সাবধান! এরপর Sign Up ক্লিক করুন।

ঙ. এরপর Proxy থেকে Tor সিলেক্ট করে নীচে Hostname বক্সে পছন্দের XMPP Server address অংশ দিন। সার্ভার অংশ যেমন: conversations.im, draugr.de, dismail.de, pimux.de, creep.im, blabber.im, jabb.im, ইত্যাদি। এরপর Port বক্সে 5222 লিখে নীচে Sign Up ক্লিক করুন। তবে Hostname ও Port না দিলেও কাজ হবে ইনশাআল্লাহ।

সাবধান, কেউ যদি একাউন্ট Create করার সময়ে Tor Proxy এর Port (9050 কে 9150 করা) চেঞ্জ করে থাকেন, তবে অবশ্যই Port চেঞ্জ করে আসার পর পুণরায় Proxy List থেকে Tor সিলেক্ট করে দিন। অন্যথায় অটোমেটিক প্রক্সি চেঞ্জ হয়ে ডাইরেক্ট নেটওয়ার্কে কানেক্ট হয়ে যাবে। তাই Port চেঞ্জ করার পর অবশ্যই Proxy হিসেবে আবারো Tor সিলেক্ট করে দিন ইনশাআল্লাহ!

- এরপর কিছুক্ষণ অপেক্ষা করুন। Connecting দেখাবে।

চ. এবার User ঘরে একটি ইউনিক User Name দিন। নীচে একটি মজবুত পাসওয়ার্ড দিন. একদম নীচের ঘরে উপরের অস্পষ্ট ক্যাপচা ভেরিফিকেশন কোডটি দিয়ে Sign Up ক্লিক করে কিছুক্ষণ অপেক্ষা করুন।

ছ. নীচের মতো উইন্ডো আসলে আলহামদুলিল্লাহ্ বলুন। আপনি একটি নতুন একাউন্ট বানাতে সফল হয়েছেন। এবার চাইলে নাম বক্সে একাউন্টের একটি নাম লিখে দিন, অথবা সরাসরি Connect ক্লিক করে কিছুক্ষণ অপেক্ষা করুন।

আলহামদুলিল্লাহ্, আপনি সফলভাবে একাউন্ট কানেক্ট করতে সক্ষম হয়েছেন।

5. আইডি কানেক্ট করার আগে কিছু অবশ্য পরিবর্তনীয় সেটিংস

ক. প্রতিটি একাউন্ট তৈরী করা বা এড করার পর প্রথমেই একাউন্ট পেইজে যেতে হবে। একাউন্ট পেজে যেতে উপরের Accounts থেকে Modify Account... ক্লিক করুন।

খ. এরপর Accounts লিষ্ট থেকে নির্দিষ্ট একাউন্টে ক্লিক করে একাউন্ট পেজে প্রবেশ করুন।

গ. এরপর General ট্যাবে গিয়ে Use file transfer proxies অপশন এনাবল করে দিন।

- Default Workspace থেকে My Workspace সিলেক্ট করে দিতে পারেন চাইলে। না করলে সবগুলো আলাদা আলাদা Workspace আসবে, যা কারো কারো জন্য বিরক্তিকর।

ঘ. এবার Privacy ট্যাবে গিয়ে Idle Time, Local System Time ও Operating System অপশন তিনটি ডিজেবল করে দিন। এবার একদম নীচের দিকে থাকা Keep Chat History লিস্ট থেকে Forever এর পরিবর্তে Until Gajim is Closed বা 1 Day করে দিন।

6. XMPP সার্ভারে চ্যাটলগ আর্কাইভিং বন্ধ করা

আমরা যে XMPP সার্ভারগুলো ব্যবহার করি এগুলোর মধ্যে কিছু সার্ভার আমাদের মেসেজগুলো জমা করে রাখে। যাতে ব্যবহারকারীরা প্রয়োজন হলে মেসেজগুলো পেতে পারে অথবা ভিন্নকোনো XMPP ক্লায়েন্টে (যেমন: Conversations) তা সিঙ্ক করতে পারে।

ফলে আপনার কোনো ক্লায়েন্ট (যেমন: Gajim) থেকে মেসেজ হিস্ট্রি ডিলিট করে দিলেও তা সার্ভারে থেকে যায়। যেমন: আপনি Gajim ক্লায়েন্টে চ্যাট হিস্ট্রি ডিলিট করেও ওয়েব ক্লায়েন্ট (https://conversejs.org/fullscreen.html)-এ লগইন করলে সার্ভারে জমা থাকা মেসেজগুলো দেখতে পাবেন। কিন্তু নিরাপত্তার দিক বিবেচনায় মেসেজগুলো দীর্ঘদিন সার্ভারে জমা রাখা উচিৎ নয়। XMPP সার্ভারগুলো যেন আমাদের মেসেজগুলো জমা না রাখে সেজন্য Gajim-এ আমাদের নীচের কাজগুলো করতে হবে।

1. Accounts-এ ক্লিক করলে গাজিমে এড থাকা সকল আইডির লিস্ট সামনে আসবে, যদি একাধিক আইডি লগইন করা থাকে।
2. লিস্ট থেকে নির্দিষ্ট আইডিতে ক্লিক করুন। আরেকটি লিস্ট আসবে।
3. লিস্ট থেকে Advanced ক্লিক করুন। আরেকটি লিষ্ট ওপেন হবে।
4. লিষ্ট থেকে Archiving Preferences-এ ক্লিক করুন।

খ. এবার উপরের দিকে Default অপশনের লিস্ট আইকনে ক্লিক করে লিস্ট থেকে Never সেট করে নীচে Save-এ ক্লিক করে দিন। ইনশাআল্লাহ, এখন থেকে এই একাউন্টের কোনো চ্যাটলগ ইত্যাদি সার্ভারে জমা রাখা হবে না।

এভাবে প্রতিটি আইডির জন্য আলাদাভাবে চ্যাটলগ আর্কাইভিং Never করে দিতে হবে।

7. কাউকে এড পাঠানো ও এড এক্সেপ্ট করা

ক. কোনো একাউন্ট Add করতে চাইলে Accounts-এ ক্লিক করে লিস্ট থেকে Add Contact... ক্লিক করুন।

খ. যদি একাধিক একাউন্ট লগইন করা থাকে তাহলে 1 টেনে দেখানো লিস্ট আইকনে ক্লিক করে যে একাউন্ট থেকে এড করতে চান সে একাউন্ট সিলেক্ট করে দিন।

এবার যে একাউন্টটি Add করতে চাচ্ছেন, XMPP Address এর জায়গায় সে একাউন্ট এড্রেস দিয়ে নীচ Next ক্লিক করুন।

গ. এবার Add Contact ক্লিক করে কাঙ্ক্ষিত একাউন্টে এড পাঠিয়ে দিন।

গ. নিজের একাউন্টে কোনো Add আসলে তা বুঝা ও Accept করার উপায় হচ্ছে, প্রথমেই নীচে Taskbar-এ একটি Notification আসবে। এরপর যে একাউন্টে এড আসবে সে একাউন্টে গেলে একটি এড মেসেজ আসবে। মেসেজের Accept-এ ক্লিক করুন।

ঘ. যদি একাধিক একাউন্ট লগইন করা থাকে তাহলে 1 টেনে দেখানো লিস্ট আইকনে ক্লিক করে নির্দিষ্ট যে একাউন্টে এড পাঠানো হয়েছে, সে একাউন্ট সিলেক্ট করে দিন।
এবার যে একাউন্ট থেকে এড পাঠানো হয়েছে তা ঠিক আছে কিনা দেখে নীচে Next ক্লিক করুন।

ঙ. এবার Add Contact ক্লিক করে কাঙ্ক্ষিত একাউন্টে এড পাঠিয়ে দিন।

আলহামদুলিল্লাহ্, আপনি সফলতার সাথে Buddy Accept করতে সক্ষম হয়েছেন।

৪. OMEMO চালু ও ভেরিফাই করা

ক. OMEMO Enable করতে উপরে Gajim-এ ক্লিক করে লিস্ট থেকে Plugins-এ যান।

খ. প্লাগিনগুলো থেকে খুঁজে OMEMO বের করুন ও ডাউনলোড করা না থাকলে ডাউনলোড বাটনে ক্লিক করে ডাউনলোড করে নিন ও এনাবল করে দিন।

গ. অতপর চ্যাট উইন্ডোতে গিয়ে নীচের এনক্রিপশন বাটনে ক্লিক করে লিস্ট থেকে OMEMO সিলেক্ট করে দিন।

ঘ. OMEMO Verified করতে Verified বাটনে ক্লিক করুন।

ঙ. এরপর Own Fingerprint ক্লিক করলে এই একাউন্টের OMEMO Fingerprint ও QR Code দেখাবে। আপনি উপর থেকে দুই লাইনের ফিঙ্গারপ্রিন্ট কোডগুলো ডাবল ক্লিক করে কপি করে নিন। এরপর কোনো নিরাপদ মাধ্যমে (যেমন- PT যোগে) কোডগুলো আপনার সাথীর নিকট পাঠিয়ে দিন। এমনিভাবে সে সাথীর OMEMO ফিঙ্গারপ্রিন্ট আপনাকে দিতে বলুন।

চ. এবার আপনার সাথীর কোডগুলো নিয়ে পুনরায় ভেরিফাই অপশনে যান। সেখানে থাকা কোডগুলোর মধ্যে আপনার সাথীর কোড বাছাই করে Verified করে নিন।

এক্ষেত্রে সংক্ষিপ্ত পদ্ধতি হচ্ছে: কাউকে এড করলে বা কারও থেকে এড পেলে সাথে সাথেই তাকে Verify করে ফেলা।

[OMEMO ফিঙ্গার সমস্যা ও সমাধান জানতে এখানে ক্লিক করুন।]

জরুরী জ্ঞাতব্য:

অনেক সময় এমন অবস্থা হয় যে, Gajim চালু অবস্থায় নেট কানেকশন চলে যায় ও Gajim ডিসকানেক্ট হয়ে যায়। পরবর্তীতে নেট এসে Gajim কানেক্ট হলে ডিসকানেক্ট অবস্থায় চলমান মেসেজগুলো আর আসে না। এক্ষেত্রে করণীয় হলো, নেট চলে যাবার পর Gajim বন্ধ করে দেয়া। আবার নেট আসলে পূণরায় Gajim চালু করা। তাহলে মাঝের মেসেজগুলো আসবে ইনশাআল্লাহ।

9. গ্রুপ চ্যাট তৈরী করা

ক. উপর থেকে Gajim-এ ক্লিক করার পর লিস্ট থেকে Create Group Chat... অপশনে ক্লিক করুন।

খ. এবার ধারাবাহিক নীচের কাজগুলো করুন। যথা:

1. Account লিস্ট থেকে যে একাউন্ট দিয়ে গ্রুপ চ্যাট তৈরী করতে চাচ্ছেন, তা সিলেক্ট করে দিন।
2. Name বক্সে গ্রুপ নাম দিন।
3. Description বক্সে গ্রুপ সম্পর্কে কিছু লিখে দিতে পারেন চাইলে।
4. Advanced Settings এনাবল করুন।
5. Private সিলেক্ট করে দিন।
6. Address বক্সে গ্রুপের লিঙ্ক দেয়া থাকবে, লিঙ্কটি কপি করে কোথাও সেইভ রেখে নীচে Create ক্লিক করুন।

কিছুক্ষণ প্রসেস হয়ে গ্রুপ তৈরী হবে ইনশাআল্লাহ।

ঘ. গ্রুপ বানানো সম্পন্ন হলে চ্যাট লিস্টে নতুন একটি রুম এড হবে।

1. গ্রুপে ক্লিক করে প্রবেশ করুন।
2. গ্রুপে কাউকে এড করার জন্য নীচের + আইকনে ক্লিক করুন।

ঙ.

চ. গ্রুপে এড করার মতো নির্দিষ্ট একাউন্টগুলো সার্চ বারে সার্চ করে করে সিলেক্ট করে নিন। সিলেক্ট করা একাউন্টগুলো নীচের Invitees বক্সে চলে যাবে। সাবধান! ভুলে যেন ভিন্ন আইডিতে এড থাকা কাউকে গ্রুপে এড না করা হয়!! সিলেক্ট শেষে নীচে Invite ক্লিক করে ইনভাইট করে নিন।

এখন থেকে খুব সহজেই (ইনশাআল্লাহ) নিরাপদভাবে OMEMO Encryption এর মাধ্যমে গ্রুপ চ্যাট করতে সক্ষম হবেন। আর মহান রব্বে কারীমই একমাত্র তাওফীকদাতা।

বি. দ্র. গ্রুপ চ্যাটে OMEMO এনক্রিপশনের মাধ্যমে চ্যাট করার জন্য লক্ষনীয় বিষয় হলো- *সে গ্রুপে যতগুলো আইডি এড আছে সবগুলোতে OMEMO চালু থাকা।* অন্যথায় OMEMO Encryption এর মাধ্যমে গ্রুপ চ্যাট সমস্যা করতে পারে।

গ্রুপ চ্যাটের আরও কিছু জরুরী সেটিংস

9.1- গ্রুপ চ্যাটের মেসেজগুলো নির্দিষ্ট সময় পর্যন্ত রুমে স্টোর রাখা

ক. প্রথমে নির্ধারিত গ্রুপ চ্যাটের Settings-এ যেতে হবে। গ্রুপ সেটিংসে যেতে প্রথমে নীচের অপশন আইকনে ক্লিক করুন। এরপর লিস্ট থেকে Details-এ যান।

খ. এবার Settings ট্যাবে গিয়ে একদম নীচে থাকা Sync Threshold থেকে কাঙ্খিত সময় সিলেক্ট করে দিন।

9.2- গ্রুপে পাসওয়ার্ড সেটআপ, শুধু মেম্বারদের প্রবেশের অনুমতি।

ক. গ্রুপ Details-এ গিয়ে নীচের কাজগুলো করুন।

1. প্রথমে **Configuration** ট্যাবে যান।
2. **Persistent** – On (চেক বক্সে টিক দিয়ে দিন, এতে মোডারেটর / এডমিন রুমে না থাকলেও সাধারণ সদস্যরা রুমে প্রবেশ করতে পারবে)
3. **Password** – গ্রুপকে পাসওয়ার্ড প্রটেক্ট করতে Password বক্সে মজবুত একটি পাসওয়ার্ড দিন।
4. **Only allow members to join** – অপশনে টিক দিয়ে দিন, এতে শুধু আমন্ত্রণকৃত মেম্বার ছাড়া কেউ রুমে প্রবেশ করতে পারবে না।
5. **Max number of history messages returned by room:** 100 সেট করে দিন। কেউ রুমে প্রবেশ করলে পূর্বের সর্বোচ্চ কতগুলো মেসেজ দেখতে পারবে তা এই অপশনের মাধ্যমে সেট করা হয়। এটি দরকার মতো বাড়ানো-কমানো যায়।
6. **Default number of history messages returned by room:** 50 সেট করে দিন। কেউ রুমে প্রবেশ করলে পুর্বের স্বাভাবিকভাবে কতগুলো মেসেজ দেখতে পারবে তা এই অপশনের মাধ্যমে সেট করা হয়। এটি দরকার মতো বাড়ানো-কমানো যায়।
7. কাজগুলো সম্পন্ন করে নীচ থেকে Apply করে দিন।

বি.দ্র. **গ** অনুচ্ছেদ (গ্রুপ চ্যাট Configuration ট্যাব) এর অপশনগুলো সার্ভার ভিন্নতার কারণে ভিন্নরকম হতে পারে। এই ফাইলে আমরা দেখিয়েছি jabb3r.org সার্ভারে তৈরী গ্রুপ চ্যাট দিয়ে। আপনার সার্ভার ভিন্ন হলে Configuration Settings-এ কিছুটা ভিন্নতা পেতে পারেন। সেক্ষেত্রে একটু খেয়াল করে বুঝে Configuration সেট করার অনুরোধ রইলো।

9.3 গ্রুপ চ্যাট ডিলিট করা

ক. নির্দিষ্ট গ্রুপ চ্যাটের Details-এ গিয়ে Manage ট্যাবে যান। এরপর ডিলিট আইকনে ক্লিক করুন।

খ. এরপর নীচের Destroy বাটনে ক্লিক করে গ্রুপ চ্যাটকে Destroy (ডিলিট) করে নিন।

- ডিলিট শেষ হলে চ্যাট লিস্ট থেকেও গ্রুপটি ডিলিট করে দিন।

10. Gajim থেকে একাউন্ট রিমুভ করা

ক. Gajim-এ লগইন থাকা একাউন্ট রিমুভ করতে চাইলে Accounts থেকে Modify Accounts... ক্লিক করুন।

খ. এবার নির্ধারিত একাউন্টে ক্লিক করুন।

গ. এবার প্রথমে ট্যাব লিস্ট থেকে Remove ক্লিক করুন। এরপর যদি একাউন্ট শুধু গাজিম থেকে রিমুভ করতে চান, তাইলে লাল Remove বাটনে ক্লিক করে দিন। Remove হয়ে যাবে। আর যদি একেবারে সার্ভার থেকেই ডিলিট করতে চান, তাহলে Unregister account from service-এ টিক দিয়ে লাল Remove বাটনে ক্লিক করুন।

ভিন্ন কোনো ইস্যু দেখা দিলে নিজ থেকেই কিছুটা অনুসন্ধান করুন, সমাধান পেয়ে যাবেন ইনশাআল্লাহ।

কিছু জরুরী নোটস

নোট: ১ - Gajim-এ বাংলা লিখতে/দেখতে পেতে নীচের নির্দেশনা অনুসরণ করা যেতে পারে:

বর্তমান উইন্ডোজে সাধারণত বাংলা সাপোর্ট স্বাভাবিকভাবেই করে। এরপরও কারো উইন্ডোজে সমস্যা করলে নীচের নির্দেশনা অনুসরণ করুন।
নির্দেশনা: প্রথমে Gajim > Preferances > Style -এ যান।
এখানে গিয়ে ডান পাশে প্রথমেই পাওয়া যাবে Dark Theme এটার ঠিক নিচেই Theme সাধারণত Default সিলেক্ট থাকে। এখানে দেখবেন Theme এর ডান দিকে সেটিংস চিহ্ন আছে। এখানে ক্লিক করলে একটা ঘর আসবে তার নিচের বাম দিকে + প্লাস আইকনে ক্লিক করুন, newtheme0 নামে একটি থিম তৈরী হবে। এবার নিচের মাঝ দিকে Add settings নামের একটি অপশন আছে। এটাতে ক্লিক করে কিছু জায়গার ফন্ট কালপুরুষ (Kalpurush), সোলাইমানলিপি (SolaimanLipi) ফন্ট সিলেক্ট করে দিতে হবে।
+Add Setting > Conversation font > Kalpurush Regular
+Add Setting > Incoming Message Text Font > Kalpurush Regular
+Add Setting > Outgoing Message Text Font > Kalpurush Regular
লিনাক্সে বাংলা ফন্ট সাপোর্ট সমস্যা হলে টার্মিনালে গিয়ে নীচের কামান্ডটি রান করে প্যাকটি ইন্সটল করুন। কমান্ড: sudo apt install fonts-noto-core -y
ইন্সটল সম্পন্ন হলে এবার পিসি রিস্টার্ট দিন। সমাধান হয়ে যাবে ইনশাআল্লাহ।

নোট: ২ - সময়/তারিখ শো/হাইড করা:
উইন্ডোজে বর্তমান ভার্সনে তারিখ ছাড়া শুধু টাইম দেখায়। অতএব এখানে কিছু করার দরকার নেই। তবে লিনাক্স AppImage -এ নীচের পদ্ধতিতে চ্যাটে তারিখ দেখানো বন্ধ করুন।
পদ্ধতি: Gajim > Preferance > Advanced > Advanced Configuration Editor
এখানে গিয়ে সার্চ বারে time লিখলেই নিচের দিকে time_stamp পাওয়া যাবে।
এখানে গিয়ে time_stamp টা সিলেক্ট করে মাঝখানে %x | %X লেখাতে ক্লিক করলে এটা এডিট করা যাবে। এর মধ্যে %X এটুকু রেখে বাকিটুকু মুছে দিয়ে বের হয়ে আসলে তারিখ ছাড়া শুধু সময় দেখা যাবে ইনশাআল্লাহ।
কেউ উৎসাহিত হলে:
%a, %d %b %y|%X
Sun, 05 Dec 21|09:37:23 PM

নোট: ৩ - রুমে কোনো ভাইয়ের মেসেজ পাওয়া না গেলে বাকি ভাইদেরকে কিছু কাজ করতে হবে। যথা:

1. আইডিটি ডিজেবল করে আবার এনাবল করা।
2. রুমে জয়েন করলে শিল্ড আইকনে ক্লিক করলে কিছু আইডির বিপরীতে একাধিক ফিঙ্গারপ্রিন্ট দেখা যাবে, এর মধ্যে কিছু থাকবে কমলা কালার আর কিছু সবুজ।
3. একজনের আইডিতে একাধিক ফিঙ্গারপ্রিন্ট থাকে তো সব ভেরিফাই করে নিতে হবে।

নোট: ৪ - রুমের মেসেজ সার্ভারের যেন সেভ না থাকে এর জন্য নীচের নির্দেশনা অনুসরণ করুন: চ্যাটরুম উইন্ডো > Menu (৩ দাগের আইকন) > Manage Group Chat > Configure... Configuration ট্যাবের একদম নিচে দেখুন Enable Message Archiving রয়েছে, এর টিক চিহ্ন উঠিয়ে Apply করে দিন।

নোট: ৫ - তৈরি করা রুম রেখে দেওয়া পরে আবার ইউজ করার জন্য:

গাজিমে ৩০ সেকেন্ডে রুম তৈরি করে সহজেই গ্রুপ চ্যাট করা যায় আবার কথা শেষে রুমটা ডেস্ট্রোয় (বিলীন) করে দেওয়া যায়। এগুলো হেল্প ফাইলে বিস্তারিত রয়েছে।

আলোচনা শেষে রুমটি ডেস্ট্রোয় (Destroy)-ও করতে পারেন আবার রেখেও দিতে পারেন। সদস্যরা রুম থেকে Leave (ত্যাগ) করলে পরে আবার খুঁজে পেতে ঊপরে Gajim> Start Join Chat> সার্চ বক্সে রুমের নাম লিখুন, রুম পাবেন। এবার রুমের নামের উপর ডাবল ক্লিক করলে রুমে প্রবেশ করবেন। এছাড়া রুম এডমিন ফাইলে দেখানো নিয়মানুযায়ী + প্লাস চিহ্নে ক্লিক করে প্রয়োজনীয় লোকদের ইনভাইট করতে পারেন।

আবার ধরুন কোনো আইডির সাথে এড না হয়েও তাকে রুমে ইনভাইট করা যায়। এক্ষেত্রে ফাইলে দেখানো নিয়মানুযায়ী রুমে প্রবেশ করে নীচে + প্লাস আইকনে ক্লিক করে সার্চ বক্সে সে আইডিটি পেস্ট করলে যে আইডি থেকে ইনভাইট করবেন তার উপর ক্লিক করে ইনভাইট পাঠিয়ে দিন। এবার ঐপাশের আইডিতে ভাই নোটিফিকেশন পাবেন। জয়েন ক্লিক করে যুক্ত হতে বলুন।

নোট: ৫ - ফাইল আদান-প্রদান পদ্ধতি:
উপরে Accounts থেকে Modify Accounts.. এরপর নির্দিষ্ট একাউন্টে প্রবেশ করে General ট্যাবের অপশনগুলো থেকে নীচের Use file transfer proxies অপশনটি চালু করে দিন। এবং Advanced ট্যাবে File transfer Preference-এ Upload files সিলেক্ট করা থাকুক।

এবার চ্যাট উইন্ডোতে গিয়ে মেসেজ বক্সের ডান পাশে ক্লিপ আইকন পাবেন, সেখানে ক্লিক করে ফাইল সিলেক্ট করে সেন্ড করে দিন ইনশাআল্লাহ।

- যিনি পাঠাচ্ছেন এবং যিনি রিসিভ করবেন দুজনেরই এমন সেটিং থাকতে হবে।
- ফাইল গুলো সব আমরা জিপ+পাসওয়ার্ড দিয়ে শেয়ার করবো, যেহেতু ওদের সার্ভারে কিছুক্ষণের জন্য থাকছে।

নোট: ৬ - ফাইল রিসিভ হয়ে ডাউনলোড হলে যেখানে পাবেন:
লিনাক্সে: Gajim Appimage ফোল্ডারে যান। ফাইল ম্যানেজারের উপর View -তে ক্লিক করে Show Hidden Files এনাবল করে নিন। এরপর Gajim ফোল্ডারের home ফোল্ডার> .local> share> gajim> downloads ফোল্ডারে ফাইলটি পাবেন।
উইন্ডোজে: Gajim যে ফোল্ডারে > user data> downloads ফোল্ডারে ফাইলটি পাবেন।

নোট: ৭ - সব একই উইন্ডোতে দেখা:
Gajim মূল উইন্ডোতে উপরে থাকা Gajim থেকে Preference > General > Window Layout লিস্ট থেকে Single window for everything সিলেক্ট করে দিন।

নোট: ৮ - সহজ স্ট্যাটাস আইকন
Gajim > Preferences > Style > Status Icon Set > Gota
(Gota এটা আমার বেশ সহজ লাগে। অনলাইনগুলো সবুজ, অফলাইন সব কালো, দূরে/Not Available থাকলে লাল)

কিছু প্রশ্নোত্তর

জিজ্ঞাসা: ১ - মাঝে মাঝে এক ক্লায়েন্ট থেকে আরেক ক্লায়েন্টে (Xabber থেকে Conversations বা Gajim) শিফট হলে ঐপাশের ভাইয়ের আইডি অফলাইন দেখায় কেন? অর্থাৎ এ্যাশ কালারের দেখায়। যদিও এমতাবস্থায় মেসেজ আদান প্রদান করা যায়।
জবাব: ঐ ভাইয়ের কন্টাক্টের/আইডির উপর রাইট ক্লিক করলে একটি লিস্ট আসবে।
লিস্ট থেকে Manage Contact > Subscription> ক্লিন করুন।

এরপর

Allow contact to see my status

Ask to see contact status

এই দুটা অপশনে ক্লিক করতে হবে। ঐপাশের ভাইয়ের নিকট কোনো রিকুয়েস্ট গেলে এক্সেপ্ট করতে হবে।

এরপর দুপাশের দুনোজন Gajim/ Conversations বন্ধ করে পূণরায় চালূ করলে ঠিক হয়ে যাবে। আলহামদুলিল্লাহ।

জিজ্ঞাসা: ২ - প্রিয় ভাই! আমি যে আইডি চালাচ্ছি /লগইন রেখেছি সেটি দেখা যায় আমাদের সাথীদের আইডি যেখানে দেখায় (Conatct List) সেখানে লিস্টের উপরে দেখাতে থাকে। এতে করে একটু আনইজি অনুভব হয়। এটি বন্ধ করার কোনো সিস্টেম আছে কি?

(পিডজিনে যেমন আমার নিজের আইডি এবং অফ থাকা আইডিগুলো লিস্টে শো করত না, শুধু অনলাইনে থাকা আইডিগুলো শো করত গাজিমে এমন ব্যবস্থা আছে কি না?)

এমন হলে ভালো হয় যে, শুধু সাথীদের আইডি দেখাবে ভিন্ন কোনো লেখা সেখানে থাকবে না।

জবাব: এজন্য Gajim এর Preferences-এ যান। এরপর General ট্যাবের Contact List Appearance এর প্রথম অপশন Marge Accounts অফ থাকলে ক্লিক করে On করে দিন। ইনশাআল্লাহ্, এখন থেকে আপনার নিজস্ব আইডি লিস্টে শো করবে না।

= অফ থাকা আইডিগুলো না দেখতে চাইলে: Gajim মূল উইন্ডোতে উপরে থাকা View-তে ক্লিক করলে একটি লিস্ট আসবে। লিস্টের Show Offline Contacts থেকে টিক উঠিয়ে দিন। অথবা মূল উইন্ডোতে থাকা অবস্থায় Ctrl+o একসাথে চাপুন। অফ থাকা আইডিগুলো এখন থেকে আর শো করবে না ইনশাআল্লাহ।

জিজ্ঞাসা: ৩ – Gajim Appimage-এ সবকিছু সাধারণভাবে সম্পন্ন করার পর Appimage-এ বাংলা লিখা যাচ্ছে না। বাংলা লিখা কি সম্ভব?

বি. দ্র. AppImage ছাড়া Direct কমান্ড দিয়ে গাজিম ইন্সটল করলে তাতে বাংলা লেখা যায়।

জবাব: আসলে GajimAppimage-এ সরাসরি বাংলা লেখার কোনো সিস্টেম নাই। শুধু আমাদের GajimAppimage ছাড়াও অন্যান্য অধিকাংশ AppImage এর ক্ষেত্রেও একই অবস্থা। সেক্ষেত্রে বিষয়টি মানিয়ে নেয়ার আবেদন।

= আর কামান্ডের মাধ্যমে সিস্টেমে সরাসরি Gajim ইন্সটল করলে সেটাতে খুব সহজেই বাংলা লিখা যায়। বাকি আমরা এভাবে ব্যবহারের পরামর্শ দেই না।

জিজ্ঞাসা: ৪ - Gajim Appimage-এ আরবি কিভাবে লিখা যাবে তা জানালে উপকৃত হব।

জবাব: GajimAppImage-এ স্বাভাবিকভাবেই আরবি টাইপ করা যায় আলহামদুলিল্লাহ। তবে আপনার লিনাক্স মেশিনে যদি আরবি কীবোর্ড লেআউট সেটআপ না থাকে, তবে প্রথমে আপনি Terminal-এ কমান্ডটি রান করুন। - sudo apt install ibus ibus-m17n

এবার Applications লিস্ট থেকে Language Support-এ যান, সেখানে Install/Remove Language ক্লিক করে Arabic ইন্সটল করে নিন।
এরপর Keyboard input mathod system-এ IBUS সিলেক্ট করে দিন।
আবারো Terminal-এ গিয়ে কমান্ডটি রান করুন: ibus restart
এরপর এপস লিস্ট থেকে IBus Preferences-এ গিয়ে সিরিয়ালে কাজগুলো করুন।
Input Mathod > Add > 3 Dot আইকনে ক্লিক করুন > সার্চবারে Arabic টাইপ করুন। এবার Arabic লিস্ট থেকে পছন্দের কীবোর্ড লেআউট সিলেক্ট করে দিন।

জিজ্ঞাসা: ৫ - নিজ একাউন্টে যুক্ত অন্য ভাইয়ের আইডি ডিলিট করব কীভাবে? কারো আইডি নেইম চেঞ্জ করব কীভাবে?

জবাব: আইডি ডিলিট করতে উক্ত ভাইয়ের আইডিতে রাইট ক্লিক> Manage Contact> Remove

= আইডি নেইম চেঞ্জ করতে উক্ত ভাইয়ের আইডিতে রাইট ক্লিক> Manage contact> Rename

জিজ্ঞাসা: ৬ - Jabber আইডিগুলো সার্ভার থেকে পারমানেন্টলি কিভাবে ডিলিট করবো?
দেখা যায়, নির্দিষ্ট সময় পর পর আইডি চেঞ্জ করি। কিন্তু পূর্বে ব্যবহৃত আইডি ব্যবহার না করলেও আইডিটি সার্ভার থেকে ডিলিট করছি না। এভাবেই থেকে যাচ্ছে।

জবাব: গাজিম ইউজ করলে একাজটি বেশ সহজে করা যায়। যেভাবে করবেন:

Gajim মূল উইন্ডোতে উপরে থাকা Accounts> Modify Accounts...> যে আইডি ডিলিট করতে চাচ্ছেন তাতে ক্লিক করুন> Remove> Unregister account from service-এ টিক দিয়ে নীচে Remove ক্লিক করুন। আইডিটি পার্মানেন্টলি সার্ভার থেকে ডিলিট হয়ে যাবে ইনশাআল্লাহ।

জিজ্ঞাসা: ৭ - গাজিমে চ্যাট শেষে ক্লিয়ার হিস্টোরি দেওয়ার সিস্টেম কী? পিডজিনে চ্যাট উইন্ডো অফ হলেই ক্লিয়ার হিস্টোরি হয়ে যেত। গাজিমে তা হচ্ছে না।

জবাব: চ্যাট ইউন্ডোতে রাইট ক্লিক > Select All > Clear বা রাইট ক্লিক করে শুধু Clear করলেও চ্যাট হিস্টোরি চলে যায়।

পরে আবার ফিরে আসলে History Manager থেকে ডিলিট করে দিতে হবে। History Clean পার্ট দ্রষ্টব্য।

জিজ্ঞাসা: ৮ - অনেক সময় দেখা যায় গাজিম আইডি ডিসকানেক্ট হয়ে যায় দীর্ঘক্ষণ অপেক্ষা করলেও সে আইডি কানেক্ট হয় না। এক্ষেত্রে করণীয় কী?

জবাব: এমন পরিস্থিতিতে উক্ত আইডি ডিজেবল করে আবার নতুন করে অন করলে আইডি কানেক্ট হয়ে যাবে ইনশাআল্লাহ।

নোট: এক্ষেত্রে খেয়াল রাখতে হবে আপনার গুরুত্বপূর্ণ কোনো চ্যাটলগ আছে কিনা। থাকলে তা আগে সেইভ করে নিবেন। আইডি ডিজেবল হওয়ার সাথে সাথে চ্যাট হিস্টোরি ডিলেট হয়ে যাবে।

জিজ্ঞাসা: ৯ - আমার গাজিমে টর কানেক্ট আছি কিনা তা কিভাবে বুঝবো ?

জবাব: Gajim থেকে Preferences-এ যেতে হবে। এরপর Advanced ট্যাবে যান। সেখানে Global Proxy-তে Tor সিলেক্ট করা আছে কিনা দেখুন। না থাকলে Tor করে দিন। এবার Tor Browser অফ করে কানেক্ট করার চেষ্টা করুন। কানেক্ট না হলে বুঝা যাবে যে Tor কানেকশন সেটিং কাজ করছে।

আপনাদের নেক দোয়ায় শামিল রাখার আবেদন।

আইটি সেকশন
১৬ শাবান, ১৪৪৪ হিজরী